দৈনিক ইত্তেফাক

তারিখ 16 SEP 1989
পৃষ্ঠা 2 কলাম 6

৩৭

149

## স্থগিত ফলাফল প্রসঙ্গে

আমরা প্রায় ৪০ জন ছাত্র-ছাত্রী গত ১৯৮৯ইং সালের মার্চ মাসে অনুষ্ঠিত এস,এস,সি পরীক্ষায় রাজশাহী বোর্ডের অধীনে কুড়িগ্রাম জেলার রাজিবপুর উপজেলা কেন্দ্র হইতে (বিজ্ঞান বিভাগে) অংশ গ্রহণ করি। গত ৬।৮।৮৯ইং তারিখে সারা দেশে পরীক্ষার ফলাফল ঘোষণা করা হয়। কিন্তু আমরা জানিতে পারিলাম ঐ কেন্দ্রের শুধু বিজ্ঞান বিভাগের ফলাফল স্থগিত রাখা হইয়াছে পরে স্থগিত করার কারন হিসাবে জানিলাম, ঐ কেন্দ্রের বিজ্ঞানের খাতা হারাইয়া গিয়াছে। অদ্যাবধি ফলাফল আমরা জানিলাম না। এদিকে দেশে ভাল ভাল কলেজগুলিতে ইতিমধ্যেই ভর্তি শেষ হইয়াছে। এই ব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য যথাযথ কর্তৃপক্ষের সুদৃষ্টি কামনা করিতেছি।

—মোঃ শাহ আলম, মোঃ সানোয়ার হোসেন ও মোছাঃ সাহানাজ আফরোজ, রাজিবপুর, কুড়িগ্রাম।